

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
পরিবীক্ষণ ও মূল্যায়ন উইং
শিক্ষা ভবন, ঢাকা



www.dshe.gov.bd

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.২৮

তারিখ: ১৮/০৩/২০১৯খ্রি:

বিষয়: শিক্ষার গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে প্রতি মাসের নির্দিষ্ট সময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিবীক্ষণ ও মূল্যায়ন উইং এ সংযুক্ত ছকে চাহিত তথ্যাদি প্রেরণ

সূত্র: ১. শিক্ষা মন্ত্রণালয় (৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩.২০, তারিখ- ২৭/০১/২০১৯)

২. মাউশি অধিদপ্তর (৩৭.০২.০০০০.১০১.৯৯.০০১.১৯-২৬৬১/১০, তারিখ: ৩১/০১/২০১৯)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অবগত করা যাচ্ছে যে, শিক্ষার গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে পরিপত্র এবং মাউশি অধিদপ্তর থেকে অফিস আদেশ জারি করা হয়েছে। উক্ত পরিপত্র ও অফিস আদেশ জারির পর মাঠপর্যায়ে যথাযথভাবে কার্যকর হচ্ছে কি-না তা নিশ্চিতকরণের লক্ষ্যে পরিবীক্ষণ তথ্য ছক প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)।

প্রমাপ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিজের এবং তাঁর উপজেলা একাডেমিক সুপারভাইজার এর পরিদর্শনকৃত প্রাপ্ত তথ্যাদি সংযুক্ত পরিবীক্ষণ তথ্য ছকে প্রতি মাসের ০২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ নিশ্চিত করবেন। জেলা শিক্ষা কর্মকর্তা তাঁর সকল উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা হতে প্রাপ্ত তথ্যাদি একত্রিত করে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সফটকপি- (director_mew_dshe@yahoo.com) ও হার্ডকপি- পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ব্লক-২, ৭ম তলা, কক্ষ নং-৭০১, বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য বিগত ১১/০২/২০১৯ তারিখে পত্র জারি করা হয়। যে সকল কর্মকর্তাগণ অদ্যাবধি সংযুক্ত ছকে তথ্য প্রেরণ করেননি তাঁরা অত্র পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে সংযুক্ত ছকে বর্ণিত ঠিকানায় তথ্য প্রেরণ নিশ্চিত করবেন।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: ১. শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র ও মাউশি অধিদপ্তরের অফিস আদেশের কপি

২. পরিবীক্ষণ তথ্য ছক

স্বা/-

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা

ফোন: ৯৫৫৩৫৪২

তারিখ: ১৮/০৩/২০১৯খ্রি:

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.২৮

সদয় অবগতি ও কার্যার্থের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরিকল্পনা ও উন্নয়ন/ অর্থ ও ক্রয়), মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৬। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা)
- ৭। উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা/থানা)
- ৮। পিএটু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৯। সংরক্ষণ নথি

(প্রফেসর ড. মো: সেলিম মিয়া)

পরিচালক

পরিবীক্ষণ ও মূল্যায়ন উইং

মাউশি অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

ফোন: ৯৫৫৫১৩০